5

# আজকের কাগজ

তারিখ ... 13 APR 1995 ...
পৃষ্ঠা ৬ কলাম ২ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

## প্রবেশপত্র না পাওয়ায় মতলবে ২৬ জন দাখিল পরীক্ষায় অংশ নিতে পারেনি

### ❑ দিঘলদী দাখিল মাদ্রাসার অধ্যক্ষ পলাতক

চাঁদপুরের মতলব থানার দিঘলদি ইসলামী জাফরিয়া দাখিল মাদ্রাসার ২৬ জন ছাত্র অধ্যক্ষের গাফিলতির কারণে ৬ এপ্রিল অনুষ্ঠিত মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি। এ সব ছাত্রের পরীক্ষার প্রবেশপত্র মাদ্রাসায় না পৌঁছার কারণে মতলব পরীক্ষা কেন্দ্রের কর্তৃপক্ষ এদের পরীক্ষা গ্রহণ করতে অস্বীকৃতি ও অপারগতা জ্ঞাপন করে। প্রবেশপত্র না পেয়ে পরীক্ষা কেন্দ্রের বাইরে অবস্থানরত বিক্ষুব্ধ ছাত্ররা উক্ত মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা/আবদুল ওয়াদুদকে হন্যে হয়ে খুঁজতে থাকে। বহু খোঁজাখুজির পরও অধ্যক্ষকে তার বাড়িতে, পরীক্ষা কেন্দ্রে কিংবা কর্মস্থলে পাওয়া যায়নি। পরীক্ষার হলে এসে পরীক্ষা দিতে না পারায় ছাত্র এবং ছাত্রদের অভিভাবকরা এক পর্যায়ে উত্তেজিত অবস্থায় টিএনও অফিস চত্বরে জড়ো হয় এবং উক্ত অধ্যক্ষকে অকথ্য ভাষায় গালাগাল করে। জানা গেছে, দিঘলদি জাফরিয়া দাখিল মাদ্রাসার অধ্যক্ষ এই ২৬ জন গরিব ছাত্রের কাছ থেকে

রেজিস্ট্রেশন ফি বাবদ জনপ্রতি দু'তিন হাজার টাকা করে নিয়ে থাকলেও তিনি এ টাকা বোর্ডে আদৌ জমা দিয়েছেন কি-না এ ব্যাপারে ছাত্ররা নিশ্চিত নন। পরীক্ষার্থীরা অধ্যক্ষের বিরুদ্ধে অর্থ আত্মসাতের

অভিযোগ এনেছে। এদিকে হল ফেরত উত্তেজিত ছাত্রদের চোখ ফাঁকি দিয়ে পালিয়ে যাওয়া অধ্যক্ষকে এ রিপোর্ট লেখা পর্যন্ত পাওয়া যায়নি। ছাত্ররা উক্ত দুর্নীতিবাজ অধ্যক্ষের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্যে সংশ্লিষ্ট উর্ধতন কর্তৃপক্ষের হস্তক্ষেপ কামনা করছে। মতলব থেকে জাকির হোসেন।